

💵 লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৪২. একটু ভেবে দেখুন

আল্লাহকে ভালোবাসা, তাকে বুঝা, তাকে স্মরণ করা বা তার জিকির করা, তার নিকট শান্তি চাওয়া, পরিপূর্ণ ভালোবাসা, ভয়, আশা ও নির্ভরতার জন্য একমাত্র তাকেই নির্বাচন করা- যখন কারো মাঝে এসব গুণের একত্র সমাবেশ হয় তখন পৃথিবীতেই তার জন্য জান্নাত তৈরি হয়। যে আল্লাহকে ভালোবাসে এসব গুণ তাকে এমন শান্তি বয়ে এনে দেয় যার তুলনা এ পৃথিবীতে নেই।

আত্মা যদি তুষ্ট ও পরিতৃপ্ত থাকে এবং আল্লাহর সাথে যদি আত্মার শক্ত সম্পর্ক থাকে তবে আত্মা থেকে উদ্বিগ্নতা, দুশিন্তা ও দুঃখ-বেদনা দূর হয়ে যাবে এবং এর বিপরীতে বিপরীত অবস্থা অর্থাৎ যার আত্মার সম্পর্ক আল্লাহ ছাড়া অন্যের সাথে, যে আল্লাহর জিকির ভুলে যায় বা যে আল্লাহকে স্মরণ করতে ভুলে যায় এবং যে ব্যক্তি আল্লাহ তাকে যা দান করেছেন তাতে সম্ভষ্ট নয়-তার চেয়ে বেশি আর কেউ দুঃখ-কষ্টে সংকীর্ণ নয়। যারা আমাদের পূর্বে (আগে) অতীত হয়ে গেছে (চলে গেছে) তাদের ঘটনাবলি নিয়ে গবেষণা করে আমরা এ বাস্তবতাকে (সত্য কথাকে) সত্যায়িত করতে পারি।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7750

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন